

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২২২০

৩১/ कलर ও विপर्यंश (ﷺ) राष्ट्री عن رسول الله

পরিচ্ছেদঃ ৪৪. সাকীফ বংশে এক মিথ্যাবাদী ও এক নরঘাতকের জন্ম হবে

باب مَا جَاءً " فِي تَقِيفٍ كَذَّابٌ وَمُبِيرٌ "

আরবী

حَدَّقَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّقَنَا الْفَصْلُ بْنُ مُوسَى، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُصْمْ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " في تَقِيفٍ كَذَّابٌ وَمُبِيرٌ " . قَالَ أَبُو عِيسَى يُقَالُ الْكَذَّابُ الْمُخْتَارُ بْنُ أَبِي عُبَيْدٍ وَالْمُبِيرُ الْحَجَّاجُ بْنُ يُوسُفَ . حَدَّثَنَا أَبُو دَاوُدَ سُلَيْمَانُ بْنُ سَلْمٍ الْبَلْخِيُّ أَخْبَرَنَا النَّصْرُ بْنُ شُمَيْلٍ عَنْ هِشَامٍ بْنِ حَسَّانَ قَالَ أَجْمَوا مَا قَتَلَ الْحَجَّاجُ صَبْرًا فَبَلَغَ مِائَةَ أَلْفٍ وَعِشْرِينَ أَلْفَ قَتِيلٍ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ . عَيْسَى وَفِي الْبَابِ عَنْ أَسْمَاءَ بِنْت أَبِي بَكْرٍ . عَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ وَاقِدٍ، حَدَّثَنَا شَرِيكٌ، نَحْوَهُ بِهِذَا الإِسْنَادِ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ عَرْبِيلٌ لَا يَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثٌ صَمْنَ إِنْ مَنْ حَدِيثٍ شَرِيكٍ . وَشَرِيكٌ يَقُولُ عَبْدُ اللَّهِ بْنُ عُصْمٌ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّهِ بْنُ عُصْمٌ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّهِ بْنُ عُصْمٌ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّه بْنُ عُصْمَةٍ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّه بْنُ عُصْمُ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّه بْنُ عُصْمَةً .

বাংলা

২২২০। ইবনু উমর (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক মিথ্যাবাদী ও এক নরঘাতক সাকীফ বংশে জন্মগ্রহণ করবে।

সহীহ, মুসলিম (৭/১৯১)।

আবৃ ঈসা আরো বলেন, কথিত আছে যে, এ মিথ্যাবাদী ব্যক্তিটি হলো মুখতার ইবনু আবৃ উবাইদ এবং রক্তপিপাসু নরঘাতক হলো হাজ্জাজ ইবনু ইউসুফ (এরা দুজনেই সাকীফ বংশের)। উপরোক্ত হাদীসের অনুরূপ হাদীস আবদুর রাহমান ইবনু ওয়াকিদ-শারীক (রাহঃ)-এর সূত্রে বর্ণিত আছে। এ হাদীসটি হাসান ইবনু উমারের বর্ণনা হিসাবে গারীব। আমরা এ হাদীসটি শুধুমাত্র শারীকের সূত্রে জেনেছি। শারীক বলেন, বর্ণনাকারী আবদুল্লাহ ইবনু উসম এবং ইসরাঈল বলেন, আবদুল্লাহ ইবনু ইসমাহ।



আবূ দাউদ সুলাইমান ইবনু সালম আল-বালধী-নাযার ইবনু শুমাইল হতে, তিনি হিশাম ইবনু হাসসান (রাহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, হাজ্জাজ যে সকল ব্যক্তিকে বন্দী করে এনে খুন করে তাদের সংখ্যা ছিল একলক্ষ বিশহাজার।

সহীহ মাকতু, মিশকাত ৫৯৯৩

আবৃ ঈসা বলেন, আসমা বিনতু আবৃ বকর (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে।

English

Ibn 'Umar narrated that the Messenger of Allah(s.a.w) said: "In Thaqif there will be a great liar and destroyer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন